

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১৪.১১৪.২০১৬- ৩৩৫২

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৪ সাল
২৫ অক্টোবর, ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোতাহার হোসেন তালুকদার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মনসিংহ-এর বিরুদ্ধে তারাকান্দা থানার মামলা নম্বর- ১০, তারিখ ১০/০২/২০১৫ (জিআর ৩১/১৫), ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইন, ধারা ১৫(৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে।

যেহেতু, জনাব মোতাহার হোসেন তালুকদার এর বিরুদ্ধে ফুলপুর থানাধীন বটতলা নামক স্থানে গত ০৯/০২/২০১৫ তারিখে তার নেতৃত্বে শ্যামলী বাংলা নামক যাত্রীবাহী বাসে পেট্রোল বোমা নিক্ষেপ, অগ্নিসংযোগ ও ভাংচুর করার মতো গুরুতর প্রকৃতির অভিযোগ রয়েছে। তিনি স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে ময়মনসিংহ জেলার তারাকান্দা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোতাহার হোসেন তালুকদারকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

J. Amin
25/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.১১৪.১১৪.২০১৬- ৩৩৫২

তারিখ : ৩০ কার্তিক, ১৪২৪ সাল
২৫ অক্টোবর, ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ।
১১. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তারাকান্দা, ময়মনসিংহ
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১৪. জনাব মোতাহার হোসেন তালুকদার, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), তারাকান্দা উপজেলা পরিষদ, ময়মনসিংহ।

J. Amin
25/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপ-সচিব